চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৯ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের

শুনানী শুরু ১০৪ হোল্ডারের আপত্তি নিষ্পত্তি সর্বনিম্ন ট্যাক্স ৫১ টাকা

সিটি কর্পোরেশন কর বিধি ১৯৮৬ এর ১৯, ২০ ও ২১ ধারা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন ২০১৬ সনের ২০ মার্চ থেকে ১৫ জানুয়ারি ২০১৭ পর্যন্ত পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে। গত ৩১ আগস্ট ২০১৭ খ্রি. কর পুনঃমূল্যায়ন সংক্রান্ত পূর্ণাঙ্গ রিপোর্ট জনসম্মুখে প্রকাশ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন । কর পুনঃমূল্যায়ন রিপোর্টে ২,৫৪৭টি সরকারি হোল্ডি, ১ লক্ষ ৮২ হাজার ৭ শত বেসরকারি হোল্ডিং এবং ১ টি বন্দরের হোল্ডিং সহ মোট ১ লক্ষ ৮৫ হাজার ২ শত ৪৮ টি হোল্ডিং চূড়ান্ত করা হয়েছে। পঞ্চবার্ষিকী পুনঃমূল্যায়নে পূর্বের মেয়রের আমলের হোল্ডিং থেকে ২৯ হাজার ১ শত ৫৯ টি হোল্ডিং বৃদ্ধি পেয়েছে। তখন হোল্ডিং সংখ্যা ছিল ১ লক্ষ ৫৬ হাজার ৮৯ টি। চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর বিধির ৭ ধারা অনুসরন করে নির্দিষ্ট ‘পি’ ফরমের মাধ্যমে আপিল/আপত্তি দাখিলের সময় ১১ নভেম্বর ২০১৭ পর্যন্ত নির্ধারন করে বিজ্ঞপ্তি প্রদান করে। বিজ্ঞপ্তিতে সম্মানীত হোল্ডারদের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিল/আপত্তি দায়ের করার জন্য বিনামূল্যে ‘পি’ ফরম বিতরণ করে যাচ্ছে। ইতোমধ্যে প্রায় ৪৬ হাজার হোল্ডার আপিল আবেদন দাখিল করে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন হোল্ডারদের আপিল/আপত্তি নিষ্পত্তি করার জন্য বিধি বিধান অনুযায়ী রিভিউ বোর্ড গঠন করে। ২৯ অক্টোবর ২০১৭ খ্রি. সার্কেল-৪ এর আপিলকারীদের আপিল নিষ্পত্তির জন্য রিভিউ বোর্ড তার কার্যক্রম শুরু করে। আজ ১০৪টি আপত্তি নিষ্পত্তি হয়। প্রথম পর্যায়ে রিভিউ বোর্ডের কার্যক্রম ৩০ নভেম্বর ২০১৭ খ্রি. পর্যন্ত চূড়ান্ত করেছে রাজস্ব বিভাগ। তাদের অফিস আদেশ অনুযায়ী ৩০ অক্টোবর ৫নং সার্কেল, ৩১ অক্টোবর ৭নং সার্কেল, ১ নভেম্বর ৮নং সার্কেল, ২ নভেম্বর ১নং সার্কেল, ৫ নভেম্বর ২নং সার্কেল, ৬ নভেম্বর ৩নং সার্কেল, ৭ নভেম্বর ৬নং সার্কেল, ৮ নভেম্বর ৪নং সার্কেল, ৯ নভেম্বর ৫নং সার্কেল, ১২ নভেম্বর ৭নং সার্কেল, ১৩ নভেম্বর ৮নং সার্কেল, ১৪নং ১নং সার্কেল, ১৫নং নভেম্বর ২নং সার্কেল, ১৬ নভেম্বর ৩ নং সার্কেল, ১৯নং নভেম্বর ৬নং সার্কেল, ২০নভেম্বর ৪নং সার্কেল, ২১নভেম্বর ৫নং সার্কেল, ২২ নভেম্বর ৭নং সার্কেল, ২৩ নভেম্বর ৮নং সার্কেল, ২৬ নভেম্বর ১নং সার্কেল, ২৭ নভেম্বর ২নং সার্কেল, ২৮ নভেম্বর ৩নং সার্কেল, ২৯ নভেম্বর ৬নং সার্কেল, ৩০ নভেম্বর ৪নং সার্কেলের রিভিউ বোর্ড আপিল নিষ্পত্তি করবে। প্রতিদিন বেলা ১১ টায় আপিল বোর্ড বসবে নগরভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে। ২৯ অক্টোবর ২০১৭ খ্রি. বেলা ১১ টায় নগরভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন রিভিউ বোর্ডের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন । প্রথম দিনে রিভিউ বোর্ডে উপস্থিত হওয়ার জন্য ১৪০ জন হোল্ডার এর নিকট পত্র প্রেরণ করা হয়। তন্মোধ্যে ১০৪ জন হোল্ডার পত্র পেয়ে রিভিউ বোর্ডে শুনানীর জন্য উপস্থিত হন। রিভিউ বোর্ড হোল্ডারদের আপত্তি শুনে নির্ধারিত ভেল্যু থেকে গড়ে ৭০% ছাড় দিয়েছে। একজন গরীব হোল্ডারকে বছরে নামমাত্র ৫১ টাকা হোল্ডিং ট্যাক্স নির্ধারন করা হয়েছে। এ ছাড়াও আদিবাসী, দরিদ্র, অসচ্ছল হোল্ডারদের ক্ষেত্রবিশেষে সর্বোচ্চ ৯০ শতাংশ ছাড় দেওয়া হয়েছে। এর ফলে ১০৪ জন হোল্ডারের অ্যাসেসমেন্ট ভেল্যু ১ কোটি ৫৮ লক্ষ ৩৯ হাজার ৮ শত টাকা থেকে রিভিউ বোর্ড ভেল্যু কমিয়ে ৪৮ লক্ষ ১৪ হাজার টাকা ধার্য্য করেছে। ফলে হোল্ডারগণ বিশাল অংকের ছাড় পাওয়ায় মেয়রের প্রতি তাদের আস্থা ও বিশ্বাস বেড়ে গেছে।

রিভিউ বোর্ডের কার্যক্রম উদ্বোধন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে হোল্ডারদের এক সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সম্মানীত হোল্ডারদের মনে আঘাত দিয়ে বা তাদের সক্ষমতা বিবেচনা ছাড়া জোর পূর্বক হোল্ডিং ট্যাক্স চাপিয়ে দেয়ার কোন ইচ্ছা মেয়রের নেই। নাগরিকদের সেবক হিসেবে তাদের সহনশীলতা ও সক্ষমতা সর্বোচ্চ বিবেচনায় এনে রিভিউ বোর্ড পৌরকর নির্ধারণ করবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট হোল্ডার এর মতামতকে আমলে এনে সক্ষমতানুযায়ী পৌরকর নির্ধারণ করা হবে। মেয়র বলেন, প্রক্রিয়া আজ থেকে শুরু হল। কোন হোল্ডার মেয়রের কাছে ন্যায় বিচার থেকে বঞ্চিত হবে না। প্রত্যেকে হাসিমুখে হোল্ডিং ট্যাক্স চূড়ান্ত করে রিভিউ বোর্ড থেকে বিদায় নেবে। মেয়র বলেন, এ নগর আপনার আমার সকলের। নগরবাসীর সহযোগিতা ছাড়া নাগরিক সেবা নিশ্চিত করা সম্ভব নয়। সে লক্ষে সম্মানীত হোল্ডারদের আপত্তি/আপিল দাখিল করার জন্য অনুরোধ করেছি। আপত্তি/আপিল শেষ না হওয়া পর্যন্ত পৌরকর আদায় করা হবে না। তিনি আশা করেন, সকল ভুল বুঝাবুঝির অবসান হবে এবং সম্মানীত হোল্ডারগণ হাসিমুখে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন গ্রহণ করে সহযোগিতার হাত প্রসারিত করবেন। উদ্বোধন শেষে মেয়র রিভিউবোর্ড নিয়ে হোল্ডারদের আপত্তি /আপিল একে একে নিষ্পত্তি করেন। ১০৪ জন হোল্ডার প্রত্যেকে সন্তুষ্টচিত্তে হাসিমুখে রিভিউ বোর্ড থেকে বিদায় নেন। রিভিউ বোর্ড হতদরিদ্র, দরিদ্র,অসচ্ছল,আদিবাসী সহ বিধি বিধানের আওতায় বীরমুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহীদ পরিবার, রাষ্ট্রিয় খেতাবপ্রাপ্ত ও সীমিত আয়ের জনগোষ্টির স্বার্থ বিবেচনায় এনে হোল্ডারদের মতামতের ভিত্তিতে হোল্ডিং ট্যাক্স ধার্য্য করা হয়। আজকের রিভিউ বোর্ডে মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন, আইনজীবি এড.চন্দন বিশ্বাস, ইঞ্জিনিয়ার মোহাম্মদ হারুন ও ৩৬ নং ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হক ছাড়াও সাংবাদিক, মহল্লা সর্দারদের প্রতিনিধি অবজারবার হিসেবে উপস্থিত ছিলেন । উদ্বোধনী অনুষ্ঠানে রিভিউ বোর্ডের সদস্য কাউন্সিলর হাবিবুল হক, প্রকৌশলী হারুন, এড.চন্দন বিশ্বাস ছাড়াও প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুন্নেসা দোভাষ বেবী, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, কর কর্মকর্তা আনিসুর রহমান সহ ৪ নং সার্কেলের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপ-কর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৯ অক্টোবর ২০১৭খ্রি.

জাইকা চট্টগ্রাম সিটি কর্পোরেশনে বর্জ্য ব্যবস্থাপনার জন্য এক্সপার্ট নিয়োগ দিয়েছে

সিটি মেয়রের সাথে Solid Waste Management এক্সপার্ট টীমের সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নের লক্ষে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে জাইকা চট্টগ্রাম সিটি কর্পোরেশনে বর্জ্য ব্যবস্থাপনার জন্য এক্সপার্ট নিয়োগ দিয়েছে। এ সংক্রান্ত কার্যক্রমের সাথে নিয়োজিত একটি প্রতিনিধি দল ২৯ অক্টোবর ২০১৭ খ্রি. বিকেলে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের সাথে সাক্ষাত করেন। সাক্ষাতে তারা সিটি গভর্নেন্স প্রজেক্টের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনাকে আধুনিক পদ্ধতি এবং বৈজ্ঞানিক ব্যবস্থাপনায় নিয়ে আসার লক্ষে প্রয়োজনীয় সার্ভে সহ বিস্তারিত কার্যক্রম শুরু করার বিষয়টি মেয়রকে অবহিত করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব মো. আবুল হোসেন, W M Planning Section Manager Masahiro sato, Yachiyo Engineer Co. Ltd Deputy Chief Eri Ito, National Team Leader Md. Shariful Alam mondal, Engineer SWM Expert In ccc Golam Sarwar, চসিক নগর পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মান্নান সিদ্দিকী, অতিরিক্ত প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা মো. হুমায়ুন কবির, নির্বাহী প্রকৌশলী সুদীপ বসাক, সহকারী প্রকৌশলী মীর্জা ফজলুল কাদের সহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা